

হিব্বুত তাহরীর, বাংলাদেশ  
এর প্রধান সমন্বয়কারী ও  
মুখপাত্র মহিউদ্দীন আহমেদ এর  
কার্যালয়

বিসমিল্লাহির রাহমানির রাহিম  
তোমাদের মধ্যে যারা বিশ্বাস করে ও সং কাজ করে আল্লাহ তাদের এ ওয়াদা দিয়েছেন  
যে, তিনি তাদের পৃথিবীতে প্রতিনিধিত্ব দান করবেন, যেকোন পূর্ববর্তীদের দান  
করেছিলেন আর তিনি অবশ্যই তাদের ধীনকে, যা তিনি তাদের জন্য মনোনীত  
করেছেন, সুদৃঢ় করবেন এবং তাদের ভয়-ভীতির পরিবর্তে তাদের নিরাপত্তা দান  
করবেন। তারা আমার ইবাদত করবে, আমার কোন অংশী করবেনা, অতঃপর যারা  
অকৃতজ্ঞ হবে তারাই ফাসেক।  
[সূরা- আন নূরঃ ৫৫]



নং ১২/১৯০৯২০০৮

১৮ রমযান, ১৪২৯ হিজরী  
১৯ সেপ্টেম্বর, ২০০৮ইং

প্রেস বিজ্ঞপ্তি

## রাজশাহীতে আটককৃত হিব্বুত তাহরীর, বাংলাদেশ-এর সকল নেতা-কর্মীকে অবিলম্বে মুক্তি দিতে হবে, অন্যথায় কঠোর আন্দোলন

হিব্বুত তাহরীর, বাংলাদেশ আজ ১৯ সেপ্টেম্বর, ২০০৮ শুক্রবার, সকাল ৯.৩০ মিনিটে রমনাস্থ ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশনস, বাংলাদেশ-এ বদরের  
বিজয় দিবস উপলক্ষে “মুসলিম উম্মাহ্ একবিংশ শতাব্দীর উদীয়মান শক্তি” শীর্ষক পূর্ব নির্ধারিত আলোচনা সভাটির পরিবর্তে রাজশাহীতে হিব্বুত  
তাহরীর, বাংলাদেশ-এর নেতা-কর্মীদের গ্রেফতারের বিরুদ্ধে ‘প্রতিবাদ সভা’ আয়োজন করে। হিব্বুত তাহরীর, বাংলাদেশ-এর প্রধান সমন্বয়কারী ও  
মুখপাত্র মহিউদ্দীন আহমেদের সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত সভাটি পরিচালনা করেন প্রচার ও মিডিয়া সচিব মুস্তফা মিনহাজ।

সভাটির প্রধান বক্তা গণসংযোগ সচিব মাওলানা মামুনুর রশীদ তার বক্তব্যে হিব্বুত তাহরীর, বাংলাদেশ-এর বিরুদ্ধে উত্থাপিত সকল অভিযোগ  
প্রত্যাখ্যান করে বলেন, “সংবাদ সম্মেলন করা জনগণের মৌলিক অধিকার, এটা কোন অপরাধ হতে পারে না। তাছাড়া সংবাদ সম্মেলন কোন জঙ্গি  
কার্যক্রম নয়। হিব্বুত তাহরীর, বাংলাদেশ কোন জঙ্গি বা নিষিদ্ধ দল নয়। পৃথিবীর কোথাও হিব্বুত তাহরীর এর বিরুদ্ধে কোন প্রকার জঙ্গি  
কার্যক্রমের সামান্যতম সংশ্লিষ্টতাও কেউ খুঁজে পাইনি। এর কারণ হচ্ছে হিব্বুত তাহরীর রাসূল (সাঃ) এর পদ্ধতি অনুযায়ী খিলাফত প্রতিষ্ঠা করতে  
সংকল্পবদ্ধ। সকল প্রকার জঙ্গি কার্যকলাপ ইসলাম বিরোধী, কুরআন-সুন্নাহ বিরোধী। হিব্বুত তাহরীর, বাংলাদেশকে সরকার বিরোধী বলে আখ্যায়িত  
করা হয়। আমরা খিলাফত সরকার প্রতিষ্ঠার লক্ষ্যে আন্দোলন করছি, সুতরাং হিব্বুত তাহরীর, বাংলাদেশ সব সময় সকল সরকারের বিরুদ্ধে।  
আমরা ইতিপূর্বে বিএনপি ও আওয়ামী সরকারের বিরোধীতা করেছিলাম এবং বর্তমান তত্ত্বাবধায়ক সরকারের দেশ বিরোধী ও ইসলাম বিদ্বেষী সকল  
কর্মকাণ্ডেরও বিরোধীতা করছি। সরকার ও সরকারের কার্যকলাপের বিরোধীতা করা জনগণের মৌলিক অধিকার।”

তিনি আরও বলেন, “দেশবাসীর মনে আছে গত বছর রমযান মাসে দৈনিক প্রথম আলো রাসূল (সাঃ) কে অবমাননা করে কার্টুন প্রকাশ করেছিল।  
হিব্বুত তাহরীর, বাংলাদেশ সেই কার্টুনের প্রতিবাদ করে। একইভাবে সাম্প্রতিক সময়ে নারী নীতির নামে কুরআন বিরোধী নীতি গ্রহণ করার  
পায়তারা করেছিল সরকার। হিব্বুত তাহরীর, বাংলাদেশ তারও প্রতিবাদ করে। ফখরুদ্দীন সরকারসহ মতিউর রহমান-মাহফুজ আনাম-ড. ইউনুস-  
ড. কামালদের মত বিদেশীদের দালালরা মুসলিম উম্মাহ্কে এদেশে মাথা তুলে দাঁড়াতে দিতে চায় না, অথচ একবিংশ শতাব্দীর উদীয়মান শক্তি  
কেবল এই মুসলিম উম্মাহ্ই।”

পরবর্তীতে প্রতিবাদ সভার সভাপতি হিব্বুত তাহরীর, বাংলাদেশ-এর প্রধান সমন্বয়কারী ও মুখপাত্র মহিউদ্দীন আহমেদ তার বক্তব্যে হিব্বুত  
তাহরীর, বাংলাদেশ-এর নেতা-কর্মীদের গ্রেফতারের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানান এবং আগামী ৪৮ ঘন্টার মধ্যে সকলের মুক্তি দাবী করেন। তিনি  
বলেন, “জুলুম নির্যাতন করে খিলাফত প্রতিষ্ঠার আন্দোলনকে স্তব্ধ করা যাবেনা। হিব্বুত তাহরীর সারা বিশ্বে কাফের সাম্রাজ্যবাদী শক্তির নিয়োগকৃত  
পুতুল সরকারদের অপসারণ করে খিলাফত সরকার প্রতিষ্ঠা করবে।” আজকের প্রতিবাদ সভায় তিনি নিম্নলিখিত দাবী উত্থাপন করেন-

১. রাজশাহীতে গ্রেফতারকৃত হিব্বুত তাহরীর, বাংলাদেশ-এর নেতা-কর্মীদের আগামী ৪৮ ঘন্টার মধ্যে নিঃশর্ত মুক্তি দিতে হবে।
২. সরকারের ইসলাম বিরোধী ও ইসলাম-বিদ্বেষী সকল কর্মকাণ্ড বন্ধ করতে হবে।
৩. ইসলামী আন্দোলন ও হিব্বুত তাহরীর, বাংলাদেশ-এর নেতাকর্মীদের হয়রানি বন্ধ করতে হবে।

যদি সরকার আগামী ৪৮ ঘন্টার মধ্যে রাজশাহীতে গ্রেফতারকৃত নেতা-কর্মীদের মুক্তি দিতে ব্যর্থ হয়, তবে হিব্বুত তাহরীর, বাংলাদেশ রাজপথে  
আন্দোলনের কর্মসূচী ঘোষণা করতে বাধ্য হবে।

Mohiuddin Ahmed

Mohiuddin Ahmed  
Chief Coordinator & Spokesperson  
Hizb ut-Tahrir Bangladesh

এইচ, এম, সিদ্দিক ম্যানশন (৫ম তলা)  
৫৫/এ, পুরানা পল্টন, ঢাকা-১০০০।  
Info@khilafat.org

ফ্যাক্স : +৮৮০ ২৯৫৫৮৮৫৪

মোবাইল : +৮৮০ ১৭১৩০০৮৮২২

www.khilafat.org

www.khilafah.com